

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
জয়পুরহাট সদর, জয়পুরহাট  
joypurhatsadar.joypurhat.gov.bd

নং-০৫.৪৩.৩৮৪৭.০০০.০৬.০১৮.২২-১৩৫

তারিখঃ ০৮/০৩/২০২২ খ্রি.

তেঘর বিশা মেলা ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জয়পুরহাট সদর উপজেলাধীন তেঘর বিশা মেলা (সায়রাতভুক্ত) বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ০৭ বৈশাখ পর্যন্ত (২০২২ সনের ১৪ এপ্রিল হতে ২২ এপ্রিল) ০৭ (সাত) দিনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত তারিখ ও সময় মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জয়পুরহাট সদর, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট হতে নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে এবং উল্লিখিত কার্যালয়ে রক্ষিত দরপত্র বাঞ্ছা গ্রহণ করা হবে।

দরপত্র দাখিলের ক্যালেন্ডার

বিবরণ	দরপত্র সিডিউল ক্রয়ের তারিখ ও সময়	দরপত্র সিডিউল দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম বার	১০/০৩/২০২২ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত	২৩/০৩/২০২২ বেলা ১.০০ টা পর্যন্ত	২৪/০৩/২০২২ বেলা ৩.০০ টা	উল্লিখিত তারিখ অনুযায়ী পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে। ২৪/০৩/২০২২ খ্রি. তারিখে প্রাপ্ত দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে মেলার দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম সমাপ্ত বলে গণ্য হবে।
২য় বার	২৭/০৩/২০২২ ৫.০০ ঘটিকা পর্যন্ত	০৪/০৪/২০২২ বেলা ১.০০ টা পর্যন্ত	০৫/০৪/২০২২ বেলা ৩.০০ টা	

শর্তাবলীঃ

- ১। দরপত্রের সাথে যে কোন তফসীলি ব্যাংক হতে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দরপত্রে উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ জামানত হিসেবে ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।
- ২। গৃহীত দরদাতাকে দরপত্রে উল্লিখিত সমুদয় অর্থ দরপত্র গ্রহণের ০৩(তিন) দিনের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত করে ইজারা বাতিল করা হবে।
- ৩। দরদাতাকে প্রদত্ত মূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাট যথাযথ খাতে জমা দিতে হবে।
- ৪। মেলা শেষ হওয়ার পর জামানত বাবদ জমাকৃত ২৫% অর্থের বিডি/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।
- ৫। মেলায় কোন প্রকার জুয়া, হাউজি, অশালীন নৃত্যসহ বে-আইনী কোন কর্মকান্ড হবে না মর্মে দরদাতাকে ৩০০/- (তিনশত) টাকার মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প (নিজ খরচে) অঙ্গীকারনামা দিতে হবে।
- ৬। মেলা চলাকালে নিজ দায়িত্বে সেচ্ছাসেবী টিম গঠনের মাধ্যমে ইজারাদারকে, আইন-শৃংখলা রক্ষার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৭। আযান ও নামাজের সময় মাইক বন্ধ রাখতে হবে।
- ৮। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৯। মেলা সকাল ১০.০০ ঘটিকা হতে রাত ৮.০০ ঘটিকা পর্যন্ত চলবে।
- ১০। নির্ধারিত সময়-সীমার মধ্যে মেলা পরিচালনা শেষ করতে হবে। অন্যথায় আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। অন্যান্য শর্তাদি এ কার্যালয় হতে জানা যাবে।

(মোঃ আরাফাত হোসেন)  
উপজেলা নির্বাহী অফিসার  
জয়পুরহাট সদর, জয়পুরহাট  
ফোন নম্বরঃ ০৫৭১-৬২২৪১  
unojoypurhat@mopa.gov.bd